গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ
www.shailkupa.jhenaidah.gov.bd

## আইসিটি কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : রাজিয়া আক্তার চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
সভার তারিখ : ২৭-০৯-২০২৩ খ্রিঃ
সভার সময় : সকাল ১১:৩০ ঘটিকা।
সভার স্থান : 'বৈঠক' Meeting app।
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

'জুম' Meeting App এর মাধ্যমে সংযুক্ত উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম শুরু করা হয়। এ উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :** সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার কর্তৃক আগস্ট, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| **০২। মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** একাডেমিক সুপারভাইজার, শৈলকুপা, ঝিনাইদহ জানান আগস্ট, ২০২৩ মাসে শৈলকুপা উপজেলায় উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে ৯০ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ২,৮০০ টি মাল্টিমিডিয়া ক্লাস হয়েছে। তিনি আরো জানান, মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড সিস্টেমটি বন্ধ থাকায় কোন শিক্ষাপ্রতিষ্ঠান তাদের ক্লাসের তথ্য আপলোড করতে পারছেনা। বর্তমানে ৮০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৬২টি স্কুলে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু আছে। অচল যন্ত্রের সংখ্যা ৬২টি। সভাপতি জানান, বেশিরভাগ শিক্ষাপ্রতিষ্ঠানের ডিজিটাল হাজিরা মেশিন অচল অবস্থায় পরে আছে। এগুলো সচল করা প্রয়োজন। | ১। মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাশবোর্ড ম্যানেজমেন্ট সিস্টেম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। নষ্ট / মেরামতযোগ্য কম্পিউটার সামগ্রী স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান নিজ খরচে মেরামত করবে।<br>৩। প্রতিমাসে শিক্ষাপ্রতিষ্ঠান ওয়ারি মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যার রিপোর্ট দিতে হবে।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল হাজিরা সিস্টেম সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এক্ষেত্রে পত্র প্রেরণ করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা/ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| **০৩। উদ্যোক্তাদের আয়-ব্যয় ও সার্বিক তথ্য :** সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আইসিটি কার্যক্রমের মান বৃদ্ধি করতে হবে। তিনি আরও বলেন যে, ইউনিয়ন পরিষদ কি কি সেবা দেয় তার তালিকা থাকতে হবে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনের সময় এসকল তালিকা দেখার নির্দেশনা প্রদান করেন। সকল ইউডিসি উদ্যোক্তাগণকে জন্ম-মৃত্যু বিধান সংক্রান্ত নতুন নীতিমালা অনুসারে যথাযথভাবে নতুন আবেদন দাখিল ও সংশোধনের আবেদন গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন। পসিবল ডুপ্লিকেট ও জন্মতারিখ সংশোধনের কার্যক্রম বন্ধ থাকায় এই জাতীয় আবেদন গ্রহণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা জানান প্রতিটি ইউডিসি রেজিস্টারভুক্ত আয় ও সেবাগ্রহীতার সংখ্যার মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উদ্যোক্তারা জানান কিছু কিছু ইউনিয়ন পরিষদ তাদের সেবামূল্য তালিকা নির্ধারণ করেছেন। সভাপতি বাকি ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাগণদের স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যান মহোদয়দের সাথে আলোচনা করে সেবা মূল্য তালিকা নির্ধারণ করার জন্য নির্দেশনা প্রদান | ১। ১৪ টি ইউনিয়ন পরিষদের সকল ইউডিসি উদ্যোক্তাগনকে সভায় উপস্থিত থাকতে হবে।<br>২। জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে প্রাথমিকভাবে কাগজপত্র যাচাই করে আবেদন করতে হবে।<br>৩। জন্মতারিখ সংশোধনের ক্ষেত্রে আবেদনকারিকে সঠিক কাগজপত্র নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে যাচাইকরণের জন্য পাঠাতে হবে।উপজেলা থেকে যাচাইকরণের পর ইউনিয়ন পরিষদ জন্মতারিখ সংশোধনের আবেদন গ্রহণ করবে।<br>৪। শৈলকুপা উপজেলায় ১৪ টি ইউনিয়ন পরিষদের | ইউডিসি উদ্যোক্তাগণ, শৈলকুপা |

<table>
<tr>
<td>করেন।<br>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ডিজিটাল সেন্টারের নাম</th><th>মোট সেবাগ্রহীতা</th><th>মোট আয়</th></tr>
<tr><td>০১</td><td>ত্রিবেনী ইউনিয়ন</td><td>১৫০</td><td>১০,১৫০/-</td></tr>
<tr><td>০২</td><td>মির্জাপুর ইউনিয়ন</td><td>১৪৪</td><td>৭,২৫০/-</td></tr>
<tr><td>০৩</td><td>দিঘনগর ইউনিয়ন</td><td>২৫০</td><td>১৫,৫৫০/-</td></tr>
<tr><td>০৪</td><td>কাচেঁরকোল ইউনিয়ন</td><td>১৫০</td><td>১১,০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>সারুটিয়া ইউনিয়ন</td><td>১৯৬</td><td>১১,৫০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>হাকিমপুর ইউনিয়ন</td><td>১৬৮</td><td>৭,৮১০/-</td></tr>
<tr><td>০৭</td><td>মনোহরপুর ইউনিয়ন</td><td>২১৩</td><td>১১,৭০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>নিত্যানন্দপুর ইউনিয়ন</td><td>১৯১</td><td>১২,৫০০/-</td></tr>
<tr><td>০৯</td><td>দুধসর ইউনিয়ন</td><td>১৮০</td><td>১১,০৩০/-</td></tr>
<tr><td>১০</td><td>উমেদপুর ইউনিয়ন</td><td>১০৩</td><td>৪,৪২০/-</td></tr>
<tr><td>১১</td><td>আবাইপুর ইউনিয়ন</td><td>১০৫</td><td>৫,৩০০/-</td></tr>
<tr><td>১২</td><td>ফুলহরি ইউনিয়ন</td><td>২০৪</td><td>৬,৮৪৮/-</td></tr>
<tr><td>১৩</td><td>বগুড়া ইউনিয়ন</td><td>১৪০</td><td>৫,৪০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>ধলহরাচন্দ্র ইউনিয়ন</td><td>২২০</td><td>১৪,৫০০/-</td></tr>
<tr><td colspan="2"></td><td>২,৪২১</td><td>১,৩৪,৯৫৮</td></tr>
</table>
</td>
<td>উদোক্তাগণকে আয় রেজিস্টার খুলতে হবে।<br>৫। উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপার নির্দিষ্ট সেবামূল্য তালিকা করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: আলোচনা চলাকালে সভাপতি বলেন যে, উপজেলার সকল দপ্তরকে ওয়েব পোর্টাল হালনাগাদ করণের জন্য চিঠি প্রদান করা হয়েছে। সভাপতি আরো জানান, সংশ্লিষ্ট অফিস তাদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশ করে হালনাগাদ করবেন। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবেন। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সব সময় হালনাগাদ করা প্রয়োজন। ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত সরকারি দপ্তরসমূহের রিপোর্ট সভাপতির দপ্তরে প্রেরণ করা হয়েছে।</td>
<td>১। ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত সকল দপ্তর দ্রুত তথ্য হালনাগাদ করবেন।<br>২। স্ব স্ব দপ্তরের ভাতাভোগীদের তালিকা, নোটিশ, খবর আপডেট করতে হবে।<br>৩। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবে।<br>৪। সিকিউরিটির কারণে ওয়েব পোর্টালের পাসওয়ার্ড ৩/৪ মাস অন্তর অন্তর পরিবর্তন করতে হবে।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা ঝিনাইদহ।<br>স্ব স্ব দপ্তর/<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,শৈলকুপা ঝিনাইদহ।</td>
</tr>
<tr>
<td>০৫। ডি-নথিকার্যক্রমের বৃদ্ধিকরণ : সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা সভায় জানান, ই-নথি এখন ডি-নথিতে মাইগ্রেশন হয়েছে। উপজেলায় ১৩টি দপ্তর এখন ডি-নথির আওতাভুক্ত।</td>
<td>১। ডি-নথি/ ই-নথিতে সম্পৃক্ত সকল দপ্তরকে ই-নথি কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে।<br>২। প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার শৈলকুপা, ঝিনাইদহ/<br>স্ব স্ব দপ্তর/<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,শৈলকুপা ঝিনাইদহ।</td>
</tr>
<tr>
<td>০৬। আইসিটি অবকাঠামোগত কার্যক্রমঃ<br>শৈলকুপা উপজেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ৩২ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। ইনফো-সরকার ৩ প্রকল্পের মাধ্যমে ১৪টি ইউনিয়ন পরিষদে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। ৩২টি দপ্তরের ১৫ টি দপ্তরের ইন্টারনেট সংযোগ ঠিক আছে, ২টি দপ্তরের রাউটার নষ্ট, ২ টা অফিসের (খাদ্য অফিস, কৃষি অফিস) স্থান পরিবর্তন হওয়ার রাউটার অফ এবং বাকি ১৩টি অফিসের ইন্টারনেট সংযোগ অফ রয়েছে। উক্ত ইন্টারনেট ব্যবহারের সময় বিভিন্ন প্রকার সমস্যার সম্মুখীন হচ্ছে বলে সরকারি অফিস ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্দ্যোক্তাগণ জানান।</td>
<td>১) ইন্টারনেট সংযোগ সচল রাখতে হবে।<br>২) ইন্টারনেট সংযোগ সংক্রান্ত অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) ইন্টানেটের ব্যন্ডউইথ বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>ফাইবার@হোম লিমিটেড।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| **০৭। শেখ রাসেল ডিজিটাল ল্যাব:** সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শৈলকুপা উপজেলায় ১ম পর্যায়ে স্থাপিত ১৪টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব চালু রয়েছে। ২য় পর্যায়ে ০১টি শেখ রাসেল স্কুল অব ফিউচার (মির্জাপুর আমেনা খাতুন মাধ্যমিক বিদ্যালয়) এবং ১৬টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। উপজেলার সকল ল্যাব কার্যক্রম চালু রয়েছে। ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৮-২০১৯ অর্থবছরে শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ, ডেস্কটপ, প্রিন্টার নষ্ট/মেরামতযোগ্য অবস্থায় রয়েছে। গত ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখে বিপ্রবগদিয়া মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত শেখ রাসেল ল্যাব হতে চুরি হয়ে যাওয়া ৫টি ল্যাপটপ ও কম্পিউটার সামগ্রী এখনও পাওয়া যায়নি। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা আরো বলেন যে, আগামি ২৪/০৭/২০২৩ খ্রিঃ তারিখ শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত মোট ২৯ শিক্ষাপ্রতিষ্ঠান হতে ৬টি ব্যাচে মোট ১১৬ জন শিক্ষকগণের "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স" বিষয়ক ১০ দিন ব্যাপি প্রশিক্ষণ শুরু হয়েছিল তা সমাপ্ত হয়েছে। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগীতার রেজিস্ট্রেশন চলমান রয়েছে আগামি ৩০/০৯/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত। | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন করতে হবে।<br>৩) পরিদর্শনকৃত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৪) ল্যাব সম্বলিত শিক্ষা প্রতিষ্ঠানে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত এবং নিরাপত্তা জোরদার করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা |
| **০৮। হার পাওয়ার প্রজেক্ট:** সহকারী প্রোগ্রামার, আইসিটি, শৈলকুপা জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন হার পাওয়ার প্রজেক্টের আওতায় বাংলাদেশের ৪৩টি জেলার সদরসহ মোট ১৩০ টি উপজেলায় তথ্য প্রযুক্তিতে ১৮ থেকে ৪০ বছর বয়সী নারীদের সক্ষমতা বৃদ্ধিতে চারটি ক্যাটাগরিতে মোট ২৫,১২৫ জন নারীকে ছয় (০৬) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এরই ধারাবাহীকতায় শৈলকুপা, ঝিনাইদহ উপজেলায় ০৫ টি কোর্সে ০৯ টি ব্যাচে মোট ১৮৫ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>শৈলকুপা উপজেলায় পরিচালিত প্রশিক্ষণের কোর্সসমূহ হচ্ছে-<br>(১) IT Service Provider (ISP) এর ৪টি ব্যাচে মোট ৮০ জন<br>(২) Graphics Design (GD) এর ২টি ব্যাচে মোট ৪০ জন<br>(৩) Web Development (WD) এর ১টি ব্যাচে মোট ২০ জন<br>(৪) Digital Marketing (DM) এর ১টি ব্যাচে মোট ২০ জন এবং<br>(৫) Women E-commerce Professional (WEP) এর ১টি ব্যাচে মোট ২৫ জন<br>উপরোক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী নারীদের বিস্তারিত জানতে বা রেজিস্ট্রেশন করতে নিম্নোক্ত লিংকে ক্লিক করতে হবে:<br>http://herpower.gov.bd/<br>১ম ফেজে শৈলকুপা উপজেলায় Women E-commerce Professional (WEP) কোর্স শুরু হবে যেটির রেজিস্ট্রেশন আগামি ৫অক্টোবর, ২০২৩ পর্যন্ত উপরোক্ত ওবেয়সাইট থেকে করা যাবে। | ১। রেজিস্ট্রেশন বৃদ্ধিকরণের জন্য ব্যাপক প্রচার-প্রচারণা করতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,শৈলকুপা ঝিনাইদহ। |
| **০৯। হাতে কলমে প্রশিক্ষন:** সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ, শৈলকুপা জানান যে, আগস্ট ২০২৩ মাসে কোন প্রশিক্ষন কার্যক্রম গ্রহণ করা হয়নি। | ১। হাতে কলমে প্রশিক্ষণের এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। পূর্বের প্রশিক্ষনপ্রাপ্ত শিক্ষকদের Class performance মনিটর করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা/ সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ, শৈলকুপা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

রাজিয়া আক্তার চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
☎০২৪৭৭৭৪৯৮৬০
unoshailkupa@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪৮০.০০০.০৬.০০৯.২৩.-১১৩৪

তারিখ : ১২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ
০৪। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), জেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, ঝিনাইদহ।
০৫। জনাব........................................................................, শৈলকুপা, ঝিনাইদহ।
০৬। অফিস কপি ।

২৭.০৯.২০২৩

রাজিয়া আক্তার চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার,
শৈলকুপা, ঝিনাইদহ।